	(মিলিয়ন কিঃওঃআঃ)	১৬৯৫.৫৫	১৮৯৭.০০	২২৯৩.০৩	২৪৭৪.৫১	২৬৭৩.৬৯	১৪৫১.৪৭
	(মিলিয়ন টাকা)	৪২৮০.০৬	৭২১৯.৫৮	৯০৯৪.১৯	৯৮৮৮.৩০	১০৯১১.২০	৬২৬৯.৮৭
০৩.	সিস্টেম লস (শতাংশ)	১৬.২৩	১৩.৪৪	১০.৯১	৯.৭৯	৮.৮৬	৮.৪০
০৪.	বিল কালেকশন রেশিও (শতাংশ)	৯৯.১১	১০৪.৪০	১০০.০১	৯৮.১৮	৯৮.৭৫	১০১.২০
০৫.	সি আই রেশিও (শতাংশ)	৮৩.০৬	৯০.৩৭	৮৯.১০	৮৮.৫৭	৯০	৯২.৭০
০৬.	গ্রাহক সংখ্যা	২৮১৯৬০	৩৪৭৬১৪	৩৮৫০৩৭	৪১৫৮৪২	৪৪৬১২৯	৪৪৬৭২৬

উৎসঃ -ডেস-কা * (ডিসেম্বর ১০ পর্যন্ত)

ই-গভর্ন্যান্স কার্যক্রম :

Utility ব্যবস্থাপনা ও গ্রাহকের সাথে আন্তঃসম্পর্কের ক্ষেত্রে ডেসকোর গ্রাহক সেবা কার্যক্রম ই-গভর্ন্যান্স এর আওতায় আনা হয়েছে। ডেস-কার আওতাধীন কার্যক্রমগুলো হচ্ছে (i) One Point Service Management (ii) New Connection (iii) Bill Collection (iv) System Complaint Management ইত্যাদি। তাছাড়া (i) Store Management (ii) Control Room and Sub-station Maintenance (iv) Personnel Management (v) Human Resource Management and Development (vi) Call Centre ইত্যাদি ই-গভর্ন্যান্স এর আওতায় আনার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

সৌর বিদ্যুৎ কার্যক্রম

বিশ্বে জ্বালানি মজুদের পরিমাণ দিন দিন হ্রাস পাচ্ছে। সারা বিশ্ব বাণিজ্যিক জ্বালানি ব্যবহার করে উৎপাদিত বিদ্যুতের পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারে অগ্রসর হচ্ছে। বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশেও নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। নবায়নযোগ্য জ্বালানির মধ্যে সৌরশক্তি একটি অন্যতম উৎস। ডেসকো সৌরশক্তি ব্যবহার বিষয়টিকে গুরুত্ব দিয়ে ডেসকো এলাকায় গ্রাহকদের এ বিষয়ে পরামর্শ প্রদানের জন্য প্রধান কার্যালয় এবং ৯টি বিক্রয় ও বিতরণ বিভাগে মোট ১০ টি সৌরশক্তি ব্যবহার বিষয়ক পরামর্শ সেল খুলেছে। পরামর্শ সেলের মাধ্যমে গ্রাহকদের সোলার প্যানেল স্থাপনে উদ্বুদ্ধ করা হচ্ছে। তাছাড়া ডেসকোর নিজস্ব ৮টি দপ্তরের জন্য প্রায় ৭ কিঃ ওঃ এর সোলার প্যানেল স্থাপনের কার্যাদেশ প্রদান করেছে এবং ৫টি সাবস্টেশনে মোট ১৫ কিলোওয়াট এর সোলার সিস্টেম স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য, গ্রাহক পর্যায়ে উদ্বুদ্ধকরণ প্রক্রিয়ায় ১৫টি স্থাপনায় মোট ১৬ কিলোওয়াট এর সোলার সিস্টেম স্থাপন করা হয়েছে।

পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি)

কৃষি উন্নয়ন, ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন এবং বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়নের মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পল্লী এলাকায় সরকারি ও বেসরকারি বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। ফলে দেশের গ্রামীণ অর্থনীতিতেও বিদ্যুতের চাহিদা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। পল্লী এলাকার উন্নয়নের গুরুত্ব বিবেচনা করে সরকারের অগ্রাধিকার প্রাপ্ত কর্মসূচী সমূহের মধ্যে পল্লী বিদ্যুতায়ন একটি অন্যতম কার্যক্রম হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। পল্লী এলাকায় বিদ্যুতের কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য ১৯৭৭ সালে পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয়।

পল্লী বিদ্যুতায়ন বোর্ড ৭০টি পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে মার্চ, ২০১১ পর্যন্ত ৪৮,৭৪৬ টি গ্রামে ২,২২,৭৮০ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণের মাধ্যমে ৭১,৩৪,২৬৯ টি আবাসিক, ২,৪০,৫৪২ টি সেচ, ৮,০৭,৯৪১ টি বাণিজ্যিক, ১,৩২, ৯৬৩ টি শিল্প ও ১৩,৯৪২ টি অন্যান্য সংযোগসহ সর্বমোট ৮৩,২৯,৬৫৭ টি সংযোগ দিয়েছে। ২০০০-০১ অর্থবছর হতে ২০১০-১১ অর্থবছর পর্যন্ত পল্লী বিদ্যুতায়নের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি নিম্নর সারণি ১০.৯ এ উল্লেখ করা হলো :

সারণি ১০.৯ : ভৌত লক্ষ্যমাত্রা ও অগ্রগতি

অর্থ বছর	বিতরণ লাইন (কিঃমিঃ)			গ্রাহক সংযোগের সংখ্যা		
	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	হ্রাস/বৃদ্ধি (-)/ (+)	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	হ্রাস/বৃদ্ধি * (-)/ (+)
২০০০-০১	১৩৭৫০	১২৯৮৯	১৫৮১	৩২৫০০০	৫০৪০৭৪	-৮৩৭১
২০০১-০২	১৪৫২৮	১৪৬৪১	১৬৫২	৩৫০০০০	৬৬২৬৪১	১৫৮৫৬৭
২০০২-০৩	১৪৯২২	১৬০০২	১৩৬১	৪৫০০০০	৬৫০১২৬	-১২৫১৫
২০০৩-০৪	১৪৬৬১	১৫৭০৬	-২৯৬	৫৫০০০০	৬৮২২৮৩	৩২১৫৭
২০০৪-০৫	১৫৪০০	১৬২৬০	৫৫৪	৬৫০০০০	৬৭০২৬৩	-১২০২০
২০০৫-০৬	১৪৫০০	১৫০৯১	-১১৬৯	৭৫০০০০	৭৪১০৯৫	-৭০৮০২
২০০৬-০৭	৫৪৭৬	৪৭৬৪	-১০৩২৭	৬৫০০০	৪৫৩৪২৬	-২৮৭৬৬৯
২০০৭-০৮	৫০৪২	৩০৮৯	-১৬৭৫	২৪৫০০০	২২৬২৫২	-২২১৭৪
২০০৮-০৯	৬১১৬	৫০৬২	১৯৭৩	৩৬৮২৭৫	৪০৫৯৯০	১৭৯৭৩৮
২০০৯-১০	২৮৫২	২৭১৩	-২৩৪৯	৪২০০০০	৪৬৮৫৬৩	৬২৫৭৩
২০১০-১১	২০৯৫	৪	-	১৮০০০০	২২৭১০৮	-
	(মার্চ'১০ পর্যন্ত)			(মার্চ'১০ পর্যন্ত)		

উৎস : পল্লী বিদ্যুতায়ন বোর্ড। * (হ্রাস / বৃদ্ধি (-)/+) = বর্তমান বৎসরের অগ্রগতি - পূর্ববর্তী বৎসরে অগ্রগতি।

আরইবি'র বিদ্যুত ক্রয় ও বিতরণ, দেনা-পাওনা এবং বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম

বিদ্যুত ক্রয় ও বিতরণ

পল্লী বিদ্যুতায়ন বোর্ড পিডিবি'র নিকট থেকে বিদ্যুৎ ক্রয় করে তা গ্রাহকদের (আবাসিক, শিল্প, কৃষি, বাণিজ্যিক ও অন্যান্য) মধ্যে বিতরণ করে। ২০১০-১১ অর্থবছরের মার্চ ২০১১ পর্যন্ত বোর্ড কর্তৃক বিদ্যুত ক্রয় ও গ্রাহকদের মধ্যে বিতরণ পরিস্থিতি সারণি ১০.১০ এ দেখানো হলোঃ

সারণি ১০.১০ : পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বিদ্যুৎ ক্রয়-বিক্রয়ের পরিমাণ

মাস/বছর	বিদ্যুৎ আমদানী (ক্রয়)			বিদ্যুৎ রপ্তানী (বিক্রয়/ব্যবহার) মে:ও:আ:					৭০ টি পবিস এর গড় সিস্টেম লস (শতাংশ)	
	গ্রীড মিটার	উপকেন্দ্র	আবাসিক	শিল্প	বাণিজ্যিক	কৃষি	অন্যান্য	মোট	গ্রীড	উপকেন্দ্র
২০১০-১১										
জুলাই'১০	৯৯৬৬৭৮	৯৬১২১৯	৪৬৯৯২৫	২৪২৪১১	৭৪২৭৯	২৬১৩১	১১৯৪	৮১৩৯৬০	১৮.৩৩	১৫.৩২
আগস্ট'১০	১০৬৬৬৯০	১০২৬৩১১	৪৯৬১৩৯	২৪৬৩৩০	৭৫৮৮৮	৩৫৪৩০	১২০৫	৮৫৫০১১	১৯.৮৪	১৬.৬৯
সেপ্টেম্বর'১০	১০৬৬৭৪০	১০২৫৬৭২	৫৯২০৯৪	২০৯১১৯	৮৫৪২৩	২৭৫৬০	১২৭৮	৯১৫৪৬৭	১৪.১৮	১০.৭৪
অক্টোবর'১০	৯৯১৩৬৮	৯৬০৬৯৫	৫২১৪৪৯	২৪৫৭২৩	৭৯৫১৫	২৪০৯০	১২৩০	৮৭২১১০	১২.০৩	৯.২২
নভেম্বর'১০	৮৩৪৩২১	৮১৪৪৫৬	৪৫৪৬৮৭	২০৮৫৯৯	৭৯০৫৫	২৪২১২	১২৩৯	৭৬৭৭৮৩	৭.৯৮	৫.৭৪
মার্চ'১১	১১৩৫০৩১	১০৯৪৫১২	৩৪৫২২৬	২৫১১৮৮	৬৭২৫০	২৭৩৪৬২	১১০২	৯৩৮২২৮	১৭.৩৪	১৪.২৮

উৎস : পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বিদ্যুৎ ক্রয়-বিক্রয়ের উপর দেনা-পাওনা

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) হতে বিদ্যুৎ ক্রয় এবং ক্রিত বিদ্যুৎ বিভিন্ন গ্রাহকের নিকট বিক্রয়ের ফলে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিউবো'র নিকট দেনা, গ্রাহকের নিকট পাওনা পরিস্থিতি, বিদ্যুৎ ক্রয়-বিক্রয়ের উপর দেনা-পাওনা এবং বিদ্যুৎ বিল আদায়ের পরিসংখ্যান নিম্নর সারণী ১০.১১ এ দেখানো হলো :

সারণি ১০.১১ : পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বিদ্যুৎ ক্রয়-বিক্রয়ের উপর দেনা-পাওনার পরিসংখ্যান

বছর	আদায়যোগ্য পাওনা (আদায়যোগ্য মাস)	পাওনা (টাকা, ০০০)	বিদ্যুৎ ক্রয় বাবদ দেনা (১২ মাসের গড়) (টাকা, ০০০)
২০০০-০১	২.২৩	১৮৬৪১২৪	*৫৮০৭৯৫
২০০১-০২	২.২১	২৩৪৯৯৫৯	৭৬৭১০০
২০০২-০৩	১.৯২	২৬৮১৭৭	১০৪৯৫৭৯
২০০৩-০৪	১.৮১	৩০২২২২৪	১২১৩৮২০
২০০৪-০৫	১.৮৫	৩৪৪৬৬৫৮৫	১৩২৪০৮১
২০০৫-০৬	২.০০	৪২৮৮৯৩৯	১৫২৮৫৬৬
২০০৬-০৭	১.৭২	৩৭৪৩১৫৮	১৫৪৩৩৯৮
২০০৭-০৮	১.৫৪	৩৭৬৫৬৫১	১৭৫০১৭০
২০০৮-০৯	১.৫৫	৪০৮১৭৯৫	২১০৮৮৬৪
২০০৯-১০	১.৫৩	৪৭৭০৪৯১	২৫০২২৯২
২০১০-১১	১.৬৬	৫৫৪১৬৫১	২১৩৭১৭০
(ডিসেম্বর'১০ পর্যন্ত)			

উৎস : পল্লী বিদ্যুতায়ন বোর্ড। *MIS এর Cost of Power Purchased কে পাওনা বিবেচনা করে।

বিদ্যুৎ বিল আদায়

২০০৯-১০ অর্থ বছরে পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বিদ্যুৎ বিল আদায়ের হার ছিল শতকরা ৯৭.৯৫ ভাগ। ২০১০-১১ অর্থ বছরের ডিসেম্বর, ২০১০ পর্যন্ত আদায়ের হার শতকরা ৯৫.৭৩ ভাগ। ২০১০-১১ অর্থবছরের মার্চ ২০১১ পর্যন্ত বোর্ড কর্তৃক বিদ্যুৎ বিল আদায়ের পরিসংখ্যান নিম্নর সারণি ১০.১২ এ দেখানো হলো :

সারণি ১০.১২ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বিদ্যুৎ বিল আদায় পরিসংখ্যান

অর্থ বছর	বিলের পরিমাণ (লক্ষ টাকায়)	সংগ্রহের পরিমাণ (লক্ষ টাকায়)	বিল সংগ্রহের শতকরা হার
২০০০-০১	১০৮,০১৭.৯৫	১০২,৬৮৬.৬৬	৯৬%
২০০১-০২	১১২,৯১৯.৯০	১১০,৮৭৬.০৪	৯৮%
২০০২-০৩	১৬৭,৫৬৬.৬৮	১৬০,০৪৭.৭৮	৯৮%
২০০৩-০৪	২০০২২৬.৬	১৯৬২২২.০৬৮	৯৮%
২০০৪-০৫	২২৪০৪৪.৩২	২১৯৫৬৩.৪৩	৯৮%
২০০৫-০৬	২৫৭৩৫৬.৯২	২৪৫৯৮১.৭৪	৯৫.৫৮%
২০০৬-০৭	২৬১৩১৯.০৮	২৬৩২০০.৫৮	১০০.৭২%
২০০৭-০৮	২৯২৮৩০.৭২	২৯৩৫৯২.০৭	১০০.২৬%
২০০৮-০৯	৩১৬২৪৯.১০	২৯২৮৪৬.৯০	৯৮.৮২%
২০০৯-১০	৩৭৪৫৯৮.৮৪	৩৬৬৯১৯.৫৬	৯৭.৯৫%
২০১০-১১ (মার্চ'১১ পর্যন্ত)	৩০৯০৭৪.০৮	২৯০৮৬৫.৪৭	৯৪.১১%

উৎস : পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় পরিবেশ ও তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসার :

বিদ্যুতের বিদ্যমান সঞ্চালন ও বিতরণ লাইন ব্যবহারের মাধ্যমে সারা দেশে ফাইবার অপটিক নেটওয়ার্ক (Fibre Optic Network) স্থাপনের জন্য এর সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে বিদ্যুৎ সংস্থাসমূহের বিদ্যমান অবকাঠামো ব্যবহারপূর্বক যৌথ বিনিয়োগের মাধ্যমে বিউবোকে ফোকাল পয়েন্ট নিযুক্ত করে ফাইবার অপটিক নেটওয়ার্ক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত মোট ৭০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে পে-রোল সফটওয়ার করা হয়েছে এবং ফিন্যান্সিয়াল এন্ড স্ট্যাটিস্টিক্যাল রিপোর্ট প্রস্তুতকরণ, মালামাল ইনভেন্টরী সিস্টেম এবং বিলিং সিস্টেম কম্পিউটারাইজড করা হয়েছে। ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতিতে GIS সফটওয়ার ব্যবহৃত হচ্ছে যা পর্যায়ক্রমে বিদ্যমান ৭০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে চালু করার মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি করা হবে। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ে ব্রডব্যান্ড ইন্টারনেট ও স্ব স্ব দপ্তরে LAN এর সংযোগ রয়েছে। এ ছাড়াও পবিবোর্ডের নিজস্ব ওয়েব সাইট www.reb.gov.bd এর মাধ্যমে নিয়মিত টেন্ডার বিজ্ঞপ্তি, নিয়োগ বিজ্ঞপ্তি সহ অন্যান্য তথ্য প্রকাশ করা হয়।

পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় বাস্বায়নাধীন প্রকল্প :

চলতি ২০১০-১১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অধীনে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাস্বায়নাধীন ০৫টি বিনিয়োগ প্রকল্পের বিপরীতে মোট ৩৫৯০৯.০০ লক্ষ (স্থানীয় মুদ্রা ৯৬৯০.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২৬২১৯.০০ লক্ষ) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। গ্রীড লাইন হতে বিদ্যুৎ সরবরাহ সম্ভব নয় এমন প্রত্যন্ত এলাকায় বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ড সরকারের পৃষ্ঠপোষকতার নবায়নযোগ্য জ্বালানিও সৌর বিদ্যুতের সাহায্যে আবাসিক সংযোগ প্রদানের জন্য ২ টি প্রকল্প গ্রহণ করে এবং এর অধীনে প্রায় ১৩,০০০ টি আবাসিক সংযোগ প্রদান করা হয়।

বিদ্যুৎ খা-ত বেসরকারি বিনি-য়াগ

সকল স্তরের জনসাধারণের জন্য ২০২০ সা-লর ম-ধ্য বিদ্যুৎ সুবিধা প্রদা-নর ল-ক্ষ্য সরকার বিদ্যুৎ খাতে ব্যক্তিখাতের অংশগ্রহণকে উৎসাহিত করছে। ফলে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে বেসরকারি খাতের ভূমিকা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বিদ্যুৎ খা-ত বেসরকারি বিনি-য়া-গর প্র-য়াজনীয়া অনুধাবন ক-র সরকার ১৯৯৬ সা-ল বেসরকারিখা-ত বিদ্যুৎ উৎপাদন নীতি প্রণয়ন ক-র। ২০১০-১১ অর্থ বছরের জানুয়ারী, ২০১১ পর্যন্ত মোট স্থাপিত উৎপাদন ক্ষমতা ৬৬৫৮ মেগাওয়াটের মধ্যে বেসরকারি খাতের অবদান ছিল ২৬৮৪ মেগাওয়াট। বর্তমা-ন বেসরকারিখা-ত পাবলিক-প্রাই-ভট পার্টনারশীপ (পিপিপি), আইপিপি ও রেন্টাল ভিত্তিতে বেশ কিছু প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। নবায়নযোগ্য শক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ও প্রসা-রর ল-ক্ষ্যও বিভিন্ন উ-দ্যাগ গ্রহণ করা হ-য়-ছ। যেমন :

- পবি-বা (পল্লী বিদ্যুতায়ন বোর্ড) কর্তৃক ১৪ (চৌদ্দ) হাজার সোলার হোম সিস্টেম স্থাপন।
- মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে সৌর শক্তির মাধ্যমে বিদ্যুতায়নের জন্য ২১.২০ KWp (কি-লাওয়াট পিক) ক্ষমতাসম্পন্ন সোলার প্যা-নল (Solar Photovoltaic (PV) System) স্থাপন।
- ইডক-লর (Infrastructure Development Company Limited- IDCOL) সহায়তায় বিভিন্ন এনজিও এর মাধ্য-ম দে-শর গ্রামীণ জনপ-দ এ পর্যন্ত প্রায় ৯.০০ লক্ষ সোলার হোম সি-স্টেম স্থাপন (এপ্রিল, ২০১১ পর্যন্ত)।
- মুহুরী বাঁধ, ফেনী ও উপকূলবর্তী কুতুবদিয়া এলাকায় বায়ু চালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপন ক-র বিদ্যুৎ সরবরাহ।
- চট্টগ্রা-মর আ-নায়ায়ায় ১০০ মেগাওয়াট (অফ-শার) ক্ষমতার বায়ু বিদ্যুৎ কেন্দ্র এবং দে-শর ৪টি স্থা-ন ১০-১৫ মেগাওয়াট ক্ষমতার (গ্রিডে সংযুক্ত) সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কার্যক্রম গ্রহণ।
- বর্জ্য থে-ক বিদ্যুৎ উৎপাদ-নর জন্য পাইলট প্রকল্প আইপিপি হি-স-ব বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ।
- দেশে সোলার প্যানেল নির্মাণের জন্য একাধিক কারখানা স্থাপনে ইডকলের প্রচেষ্টা গ্রহণ।

তেল, গ্যাস ও প্রকৃতিক সম্পদ সেক্টর

দেশের জ্বালানি চাহিদা পূরণ করা, তেল ও গ্যাসক্ষেত্র অনুসন্ধান/আবিষ্কার, উত্তোলন, উন্নয়ন ও মূল্যায়ন করে জ্বালানি মজুদ বৃদ্ধি করা তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ খাতের মূল উদ্দেশ্য। জ্বালানির জন্য শুধু প্রাকৃতিক গ্যাসের উপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্য উন্নততর জ্বালানি মিশ্র উদ্ভাবন করা, দেশের প্রাকৃতিক জ্বালানি মজুদ বৃদ্ধির জন্য অনুসন্ধান/আবিষ্কার কার্যক্রম জোরদার করা, গ্যাস উৎপাদন, সঞ্চালন এবং বিতরণ কর্মকাণ্ডের মধ্য সমন্বয় সাধন, তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন এবং বিতরণ কার্যক্রমে বেসরকারী উদ্যোক্তাদের অংশগ্রহণে উৎসাহিত করা ইত্যাদি কৌশল বিভিন্ন অঞ্চলে গ্যাস সরবরাহ নির্বিঘ্ন রাখাও এ খাতের অন্যতম উদ্দেশ্য।

প্রাকৃতিক গ্যাস

মজুদ

প্রাকৃতিক গ্যাস দেশের মোট বাণিজ্যিক জ্বালানি ব্যবহারের শতকরা প্রায় ৭৫ ভাগ পরণ করে। প্রাকৃতিক গ্যাস বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ জ্বালানি সম্পদ। এ যাবৎ আবিষ্কৃত ২৩টি গ্যাস ফিল্ডের উত্তোলনযোগ্য সম্ভাব্য ও প্রমাণিত মজুদের পরিমাণ ২০.৬০৫ ট্রিলিয়ন ঘনফুট। তন্মধ্যে ডিসেম্বর ২০১০ পর্যন্ত ৯.৪৩১ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলন করা হয়েছে। ফলে বর্তমানে (জানুয়ারী, ২০১১ সময়ে) গ্যাসের প্রমাণিত মজুদ ১১.১৭৪ ট্রিলিয়ন ঘনফুট। সারণি ১০.১৩-এ দেশে গ্যাসের মজুদের পরিমাণ দেখানো হলো :

সারণি ১০.১৩ : দেশের মোট গ্যাস মজুদ

গ্যাস ক্ষেত্র	উত্তোলনযোগ্য মজুদ (প্রমাণিত ও সম্ভাব্য)	গ্যাস উৎপাদন (জুলাই-ডিসেম্বর ১০)	(বিলিয়ন ঘনফুট)	
			ডিসেম্বর ২০১০ পর্যন্ত ক্রমপুঞ্জিত উৎপাদন (প্রাতিশনাল)	অবশিষ্ট উত্তোলনযোগ্য মজুদ (প্রমাণিত ও সম্ভাব্য)
উৎপাদনরতঃ				
বাখরাবাদ	১,০৪৯.০০	৬.২০	৭১১.৪০	৩৩৭.৬০
হবিগঞ্জ	৩,৮৫২.৩০	৪৭.৬০	১৭৫০.৯০	২১০১.৪০
কৈলাশটিলা	১,৯০৩.৩০	১৫.৭০	৫১৪.৮০	১৩৮৮.৫০
রশিদপুর	১,৪০১.২০	৯.০০	৪৭৫.২০	৯২৬.০০
সিলেট	৪৭৮.৭০	১.৯০	১৯১.৫০	২৮৭.২০
তিতাস	৫,১২৭.৫০	৭৪.৫০	৩২১৮.২০	১৯০৯.৩০
নরসিংদী	২১৫.১০	৫.৮০	১১৬.৭০	৯৮.৪০
মেঘনা	১১৯.৬০	১.১০	৩৬.৯০	৮২.৭০
সান্দু	৮৪৮.৫০	৩.৯০	৪৭৫.২০	১৬০.৩০
সালদানদী	১১৬.১০	১.৩০	৬৩.০০	৫৩.১০
জালালাবাদ	৮৩৬.৫০	২৪.১০	৫৯২.৮০	২৪৩.৭০
বিয়ানীবাজার	১৭০.২০	২.৪০	৬৫.১০	১০৫.১০
ফেঞ্চুগঞ্জ	২৮২.৮০	৪.২০	৭৩.৬০	২০৯.২০
মৌলভীবাজার	৩৫৯.৬০	৯.৫০	১৭০.৮০	১৮৮.৮০
ফেনী	১৩০.০০	০.৪০	৬২.২০	৬৭.৪০
বিবিয়ানা	২,৪০০.৮০	১২২.৩০	৭২৩.১০	১৬৭৭.৭০
বান্দুৱা	৩০৯.০০	২১.২০	১৩৮.৮০	১৭০.২০
শাহবাজপুর	৪৬৫.৬০	১.১০	৩.৭০	৪৬১.৯০
উৎপাদনে যায়নি :				
বেগমগঞ্জ	৩২.৭০	০.০০	০.০০	৩২.৭০
কুতুবদিয়া	৪৫.৫০	০.০০	০.০০	৪৫.৫০
সেমুতাং	১৫০.৩০	০.০০	০.০০	১৫০.৩০
উৎপাদন স্থগিতঃ				
ছাতক	৪৭৩.৯০	০.০০	২৬.৫০	৪৪৭.৪০
কামতা	৫০.৩০	০.০০	২১.১০	২৯.২০
মোট	২০,৬০৫.১০	৩৫২.৪০	৯৪৩১.৪৬	১১,১৭৩.৬৪

উৎস : পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। * অফশোর ক্ষেত্র

প্রাকৃতিক গ্যাসের উৎপাদন এবং খাতওয়ারি ব্যবহার

বর্তমানে দেশে ১৮টি গ্যাস ক্ষেত্রের ৭৯টি কপ হতে গ্যাস উৎপাদিত হচ্ছে। এ ১৮টি গ্যাস ক্ষেত্র হচ্ছে : তিতাস, বাখরাবাদ, হবিগঞ্জ, রশিদপুর, কৈলাশটিলা, সিলেট, নরসিংদী, মেঘনা, সালদানদী, সাঙ্গু, জালালাবাদ, মৌলভীবাজার, বিয়ানীবাজার, ফেঞ্চুগঞ্জ, ফেনী, বাগুড়া, শাহবাজপুর এবং বিবিয়ানা। ২০০৯-২০১০ অর্থ বছরে ৭০৩.৬০ বিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হয়। ২০০৯-১০ অর্থ বছরে এ পরিমাণ ছিল ৬৫৩.৭০ বিলিয়ন ঘনফুট। ২০১০-২০১১ অর্থ বছরের ডিসেম্বর-২০১০ পর্যন্ত ৩৫২.৪০ বিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হয়। উৎপাদিত গ্যাসের সর্বাধিক ব্যবহার বিদ্যুৎ উৎপাদন কারখানায় হয়ে থাকে। গ্যাসের খাতওয়ারি ব্যবহারের ক্ষেত্রে আরো উল্লেখযোগ্য হলো ক্যাপটিভ পাওয়ার, সার ও শিল্প কারখানা, গৃহস্থালী প্রভৃতি। প্রাকৃতিক গ্যাসের বৎসরওয়ারি উৎপাদন এবং এর খাতওয়ারি ব্যবহার সারণি ১০.১৪ এ দেখানো হলো:

সারণি ১০.১৪: প্রাকৃতিক গ্যাসের বৎসরওয়ারি উৎপাদন ও খাতওয়ারি ব্যবহার (১৯৯১ - ডিসেম্বর, ২০১০ পর্যন্ত)

(বিলিয়ন ঘনফুট)

খাত/বছর	গ্যাস উৎপাদন	বিক্রয়									মোট
		বিদ্যুৎ	ক্যাপটিভ	সার	শিল্প	চা-বাগান	ইটখোলা	বাণিজ্যিক	গৃহস্থালী	সিএনজি	বিক্রয়
১৯৯১-৯২	১৮৮.৪৮	৮৮.১০		৬১.৬০	১৩.৪০	০.৭০	০.২০	২.৯০	১১.৬০	০	১৭৮.৫০
১৯৯২-৯৩	২১০.৯৮	৯৩.৩০		৬৯.২০	১৫.২০	০.৭০	০.২০	২.৪০	১৩.৫০	০	১৯৮.৫০
১৯৯৩-৯৪	২২৩.৭৬	৯৭.৩০		৭৪.৫০	২০.২৬	০.৭০	১.১০	২.৮৭	১৫.৪০	০	২১২.১৩
১৯৯৪-৯৫	২৪৭.৩৮	১০৭.৪০		৮০.৫০	২৪.২৪	০.৬০	১.১০	২.৮৮	১৮.৮৬	০	২৩৫.৫৮
১৯৯৫-৯৬	৩৬৫.৫১	১১০.৯০		৯০.৯৮	২৭.৩১	০.৭২	০.৯৯	৩.০০	২০.৭১	০	২৫৪.৬১
১৯৯৬-৯৭	২৬০.৯৯	১১০.৮২		৭৭.৮৩	২৮.৬২	০.৭১	০.৪৮	৪.৪৯	২২.৮৪	০	২৪৫.৭৯
১৯৯৭-৯৮	২৮২.০২	১২৩.৫৫		৮০.০৭	৩২.৩২	০.৭৪	০.৩৯	৪.৬১	২৪.৮৯	০	২৬৬.৫৭
১৯৯৮-৯৯	৩০৭.৪৮	১৪০.৮২		৮২.৭১	৩৫.৭৯	০.৭১	০.৩৫	৪.৭১	২৭.০২	০	২৯২.১১
১৯৯৯-০০	৩৩২.৩৫	১৪৭.৬২		৮৩.৩১	৪১.৫২	০.৬৪	০.৩৫	৩.৮৫	২৯.৫৬	০	৩০৬.৮৫
২০০০-০১	৩৭২.১৬	১৭৫.২৭		৮৮.৪৩	৪৭.৯৯	০.৬৫	০.৪৪	৪.০৬	৩১.৮৫	০	৩৪৮.৬৯
২০০১-০২	৩৯১.৫৩	১৯০.০৩	২১.৬০	৭৮.৭৮	৫৩.৫৬	০.৭২	০.৫৩	৪.২৫	৩৬.৭৪	০	৩৬৪.৬১
২০০২-০৩	৪২১.১৬	১৯০.৫৪	২৬.১৮	৯৫.৮৯	৬৩.৭৬	০.৭৪	০.৫২	৪.৫৬	৪৪.৮০	০.২৩	৪০১.০৪
২০০৩-০৪	৪৫৪.৫৯	১৯৯.৪০	৩২.০৩	৯২.৮০	৪৬.৪৯	০.৮২	০.১২	৪.৮৩	৪৯.২২	১.৯৪	৪২৭.৬৫
২০০৪-০৫	৪৮৬.৭৫	২১১.০২	৩৭.৮৭	৯৩.৯৭	৫১.৬৮	০.৮০	০.০০	৪.৮৫	৫২.৪৯	৩.৬২	৪৫৬.৩০
২০০৫-০৬	৫২৬.৭২	২২২.৭২	৪৯.০২	৮৮.৫৮	৬৩.৪৪	০.৭৬	০.০০	৫.২৪	৫৭.১৩	৬.৭১	৪৯৩.৬১
২০০৬-০৭	৫৬২.২২	২২১.১০	৬২.৫১	৯৩.৪৭	৭৭.৪৮	০.৭৫	০.০০	৫.৬৬	৬৩.২৫	১১.৯৯	৫৩৬.২১
২০০৭-০৮	৬০০.৮৬	২৩৪.২৮	৮০.২৩	৭৮.৬৭	৯২.১৯	০.৭১	০.০০	৬.৬০	৬৯.০২	২২.৮২	৫৮৪.৫১
২০০৮-০৯	৬৫৩.৭	২৫৬.৮৪	৯৫.০১	৭৪.৮৩	১০৪.৬০	০.৬০	০.০০	৭.৪৮	৭৩.৩৯	৩১.২১	৬৪৩.৯৬
২০০৯-১০	৭০৩.৬	২৮৩.১৫	১১২.৬১	৬৪.৭২	১১৮.৮১	০.৮০	০.০০	৮.১২	৮২.৬৯	৩৯.৩৩	৭০৫.৪৫
২০১০-১১	৩৫২.৮	১৩০.২৭	৫৫.৩২	২০.১৩	৫৩.২২	০.৫৫	০.০০	৩.৫৩	৩৬.৬৭	১৭.৩২	৩১৭.০১
(ডিসেম্বর'১০)											

উৎস : পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রাকৃতিক গ্যাসের চাহিদা

দেশে খাতওয়ারি প্রাকৃতিক গ্যাসের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ২০০৯-১০ অর্থ বছরে গ্যাসের মোট চাহিদা ছিল ৭৩২.৪ বিলিয়ন ঘনফুট। ২০১০-১১ অর্থ বছরে গ্যাসের চাহিদা ৮৭২.৮ বিলিয়ন ঘনফুট। ২০০৯-১০ অর্থ বছরে তুলনায় ২০১০-১১ অর্থ বছরে গ্যাসের চাহিদা ১৯.১৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০০৯-১০ অর্থ বছরে সর্বোচ্চ চাহিদা ছিল বিদ্যুৎ উৎপাদন খাতে, ২৮৩.১০ বিলিয়ন ঘনফুট। ২০১০-১১ অর্থ বছরেও গ্যাসের সর্বোচ্চ চাহিদা হবে বিদ্যুৎ উৎপাদন খাতে যা ৩০০.৫ বিলিয়ন ঘনফুট হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০০৯-১০ থেকে ২০১৩-১৪ অর্থ বছর পর্যন্ত খাতওয়ারি প্রাকৃতিক গ্যাসের চাহিদা সারণি ১০.১৫ এ দেখানো হলো।

সারণি ১০.১৫ঃ খাতওয়ারি প্রাকৃতিক গ্যাসের চাহিদা (২০১০-২০১৪)

(বিলিয়ন ঘনফুট)

খাত	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪
বিদ্যুৎ	২৮৩.১০	৩০০.৫	৩২৪.৫	৩৫০.৫	৩৭৮.৫
শিল্প	১১৮.৮০	১৬০.৭	১৮৪.৮	২১৪.৪	২৪৬.৫
ক্যাপিটিভ পাওয়ার	১১২.৬০	১৪২.৬	১৬৪.০	১৮৮.৬	২১৬.৯
গৃহস্থালী	৮২.৭	৯৯.৫	১১১.৪	১২৪.৮	১৩৯.৮
সার	৯৪.০	৯৪.০	৯৪.০	৯৪.০	৯৪.০
সিএনজি	৩৯.৩	৪৪.৭	৫১.৪	৫৬.৫	১১৩.০
সিস্টেম লস*	-৭	২০.০	২০.০	২০.০	২০.০
বাণিজ্যিক	৮.১০	৯.৮	১০.৮	১১.৭	১২.৬
চা বাগান	০.৮	১.০	১.০	১.০	১.০
ইটখোলা	০.০	০.০	০.০	০.০	০.০
মোট	৭৩২.৪	৮৭২.৮	৯৬১.৯	১০৬১.৫	১২২২.৪

উৎস : পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। * নিজস্ব ব্যবহারসহ

গ্যাসের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে নতুন নতুন গ্যাস ক্ষেত্রের অনুসন্ধান এবং আবিষ্কৃত গ্যাস ক্ষেত্রের উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ বিষয়। ২০১০-১১ অর্থ বৎসরে তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে পেট্রোবাংলা ও তার কোম্পানী সমূহের অধীনে মোট ২৬টি প্রকল্প বাস্তবায়নধীন আছে। যে প্রকল্পগুলো গ্রহণ করা হয়েছে তা হলো কূপ (অনুসন্ধান ও উন্নয়ন), ত্রি-মাত্রিক (৩-ডি) জরীপ, গ্যাস সম্ভ্রালন (কম্প্রসার স্টেশন স্থাপনসহ), পাইপলাইন নির্মাণ, কম্প্রসার স্টেশন স্থাপন, টিজিটিডিসিএল এর সিস্টেম লস হ্রাসকরণ, আপগ্রেডেশন অব ডাটা সেন্টার অব বাপেক্স, এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ক্যাপাসিটি বিন্দিং অব বাপেক্স, গ্যাস ফিল্ড উন্নয়ন প্রভৃতি।

এলপিজি

জ্বালানি আমদানি হ্রাসসহ দূষণমুক্ত জ্বালানি উৎপাদনের লক্ষ্যে ১৯৯৮ সালে সিলেটের কৈলাশটিলায় একটি এলপিজি প্লান্ট নির্মিত হয়। ২০০৭ সালে কৈলাশটিলায় আরও একটি এলপিজি/কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট চালু করা হয়। এ সকল প্ল্যান্টে বিদ্যমান সুবিধাদি ব্যবহার করে প্রতিদিন প্রায় ৫২ মে.টন এলপিজি প্রক্রিয়াজাত করে প্রায় ১৬ মে.টন এলপিজি উৎপাদন করা সম্ভব হচ্ছে।

কনডেনসেট

সিলেট অঞ্চলের গ্যাসফিল্ডসমূহের উপজাত কনডেনসেট (অপরিশোধিত তৈল) উত্তর-দক্ষিণ পাইপলাইনের মাধ্যমে আশুগঞ্জে স্থাপিত ২টি স্টোরেজ ট্যাংকে ভান্ডারজাত করে সেখান থেকে জাহাজযোগে চট্টগ্রামস্থ ইস্টার্ন রিফাইনারিতে প্রক্রিয়াকরণের জন্য আরপিজিসিএল এর আশুগঞ্জ স্থাপনা হতে প্রেরণ করা হয়ে থাকে। প্রারম্ভিক পর্যায়ে মাসিক কনডেনসেট হ্যান্ডলিং এর পরিমাণ ছিল ৫০-৬০ লক্ষ লিটার। বর্তমানে তা বৃদ্ধি পেয়ে প্রায় ২২০-২৫০ লক্ষ লিটার-এ উন্নীত হয়েছে।

সিএনজি

জ্বালানি হিসেবে এ প্রাকৃতিক গ্যাসের ব্যবহার পরিবেশ সংরক্ষণ ও পরিবেশকে দূষণমুক্ত রাখতে সহায়ক ভূমিকা পালন করে। সিএনজি কার্যক্রম দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে এবং আমদানীকৃত জ্বালানি তেলের উপর নির্ভরশীলতা কমিয়েছে। এ খাতে ২০১০-১১ অর্থ বছরের জানুয়ারী ২০১১ মাস পর্যন্ত প্রায় ৯৮.৯০ এমএমসিএম গ্যাস ব্যবহৃত হয়েছে। বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে এবং সিএনজি জ্বালানি সাশ্রয়ী হওয়ায় সিএনজিতে রূপান্তরিত যানবাহনের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। ২০০১-০২ সালে মোট সিএনজি চালিত গাড়ীর সংখ্যা ছিল ৬৭৩৪ এবং ডিসেম্বর-২০১০ পর্যন্ত ২,০২,৭৮৫টি সিএনজি গাড়ী চলাচল করেছে।

কয়লা

দেশের মোট ৫টি কয়লা ক্ষেত্রের (রংপুরের খালাশপীর, দিনাজপুরের বড়পুকুরিয়া, ফুলবাড়ি ও দীঘিপাড়া এবং বগুড়ার জামালগঞ্জ) মোট মজুদ প্রায় ২৭০০ মিলিয়ন টন যা প্রায় ৩৭ ট্রিলিয়ন ঘনফুট গ্যাসের সমতুল্য। কয়লা উত্তোলনে নিয়োজিত বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর বাৎসরিক কয়লা উত্তোলনের লক্ষ্যমাত্রা ১ মিলিয়ন টন। বর্তমানে দৈনিক প্রায় ৩০০০ মেট্রিক টন কয়লা উক্ত খনি হতে উত্তোলিত হচ্ছে। উত্তোলিত কয়লার শতকরা ৬৫ ভাগ বিপিডিবি'র ২৫০ মেগাওয়াট বড়পুকুরিয়া তাপ-বিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হচ্ছে। অবশিষ্ট শতকরা ৩৫ ভাগ কয়লা ইটখোলা, কল-কারখানাসহ অন্যান্য খাতে ব্যবহার হচ্ছে। কয়লা বনজ সম্পদ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। উল্লেখ্য, কয়লা ক্ষেত্রের কয়লা উত্তোলন শুরুর পর থেকে ২০১০-১১ অর্থ বছরের জানুয়ারী, ২০১১ পর্যন্ত প্রায় ৩.২৮ মিলিয়ন মেট্রিক টন কয়লা উত্তোলন করা হয়েছে।

কঠিন শিলা

দেশে কঠিন শিলার বার্ষিক চাহিদা ৬০-৭০ লক্ষ মেট্রিক টন। মধ্যপাড়া কঠিন শিলা খনি থেকে প্রতি বৎসর কঠিন শিলা উত্তোলনের লক্ষ্যমাত্রা ১৬.৫ লক্ষ মেট্রিক টন। পরীক্ষামূলক ও বাণিজ্যিকভাবে উৎপাদনের আওতায় কঠিন শিলা উত্তোলন শুরুর পর থেকে জানুয়ারী ২০১১ পর্যন্ত বিভিন্ন আকারের উৎপাদিত পাথরের পরিমাণ প্রায় ১৪,৫৩,৯০৪ মেট্রিক টন। খনির উৎপাদিত শিলা দেশের বন্যা নিয়ন্ত্রণ, উপকণ্ঠ ও শহর রক্ষা বাঁধ, সেতু, সড়ক, মহাসড়ক, জনপথ, রেলপথ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, নদী শাসন, উচ্চ ভবন নির্মাণে ব্যবহৃত হয়ে থাকে।

পেট্রোলিয়াম পণ্য

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) দেশব্যাপী জ্বালানি তেল মজুদ ব্যবস্থা উন্নয়ন ও সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ লক্ষ্যে এ সংস্থা দেশের চাহিদা অনুযায়ী জ্বালানি তেল আমদানি ও মজুদ করে থাকে। তাছাড়া, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন জ্বালানি তেল বিপণন কার্যক্রম পরিচালনা পালন করে থাকে। বর্তমানে দেশের জ্বালানি তেলের মজুদ ক্ষমতা প্রায় ৮.৯৪ লক্ষ মেট্রিক টন। তা ছাড়া দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণকল্পে ইস্টার্ন রিফাইনারীর পরিশোধন ক্ষমতা বৃদ্ধি এবং গভীর সমুদ্রে শোধিত ও অপরিশোধিত জ্বালানি তেল খালাসের জন্য এসপিএম (Single Point Mooring) কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিম্নের সারণি দ্বারা ১০.১৬ ও ১০.১৭ এ বিপিসি কর্তৃক ১৯৯৮-৯৯ থেকে ২০০৯-১০ সাল পর্যন্ত যথাক্রমে অপরিশোধিত ও পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানির তথ্য দেয়া হলোঃ

সারণি ১০.১৬ : অপরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি

অর্থ বছর	পরিমাণ (মেট্রিক টন)	সি এন্ড এফ মূল্য/মিলিয়ন মাঃ ডলার	কোটি টাকা
১৯৯৮-৯৯	৯,৫৫,৮৭৪	৯৮.১০	৪৭৩.৭২
১৯৯৯-০০	১২,৩৬,০৪৯	২১৮.৬৮	১১১০.৯৬
২০০০-০১	১৩,৩৭,১২১	২৯০.৭৩	১৫৯৮.৬০
২০০১-০২	১২,২৪,৭০৭	২২০.১৯	১২৭৭.৭৮
২০০২-০৩	১৩,৩১,০০৩	২৮৯.৩০	১৬৯৩.০৩
২০০৩-০৪	১২,৫২,৪২৪	৩১৪.১২	১৮৪৮.৪৩
২০০৪-০৫	১০,৬৩,২০৮	৩৬৪.০১	২২৬১.৯৮
২০০৫-০৬	১২,৫৩,২৮৫	৫৭৩.৬৫	৩৯০১.১৬
২০০৬-০৭	১২,১১,০৩৭	৬০৪.৭৩	৪১৯৬.৮৫
২০০৭-০৮	১০,৪০,০৮৪	৭৬২.০৮	৫২৮৮.৮৫
২০০৮-০৯	৮,৬০,৮৭৭	৪৯৪.৪৪	৩,৪৩১.৪০
২০০৯-২০১০	১১,৩৬,৫৬৭	৬৪৬.২১	৪,৪৯১.৪১

উৎসঃ বিপিসি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সারণি ১০.১৭ পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি

সন	জেপি-১, কেরোসিন, অকটেন ও ডিজেল		লুব্রিকেটিং অয়েল	
	পরিমাণ (মেঃ টন)	মূল্য (কোটি টাকায়)	পরিমাণ (মেঃ টন)	মূল্য (কোটি টাকায়)
১৯৯৮-৯৯	২২২১৮.৭২	১৩৫০.১০	৩৯৯৬১	৪৫.৬২
১৯৯৯-০০	১৮২৩৪০০	২০২১.৪৩	৫০২২৯	৮৬.৪১
২০০০-০১	২০৬৮৯১৩	২৯৯৯.২০	২৯৯১৮	৬৯.৩৪
২০০১-০২	২০৭২৩০০	২৫৩৫.৬২	১৫৩১৬	৩০.৫৯
২০০২-০৩	২২১৩৮৯৯	৩৩১৯.৩৫	১৯১১	৫.১০
২০০৩-০৪	২২৬২৩৪৮	৪০১৫.৮১	৬৫১৬	১৮.৩৮
২০০৪-০৫	২৬৯১৭৫০	৭২১৩.৮৮	১০১৮৯	৩৮.১৪
২০০৫-০৬	২৩,৮০,৫৮২	৯৩৮২.৭৭	৫১৩৭	৩৫.৫৩
২০০৬-০৭	২৫,৩৬,৫৩৫	১০৪৪৩.২০	৪২৭৭	২৫.১৩
২০০৭-০৮	২২,২৭,৭৫৩	১৪৩৪৩.০৪	৫০০৬	২৯.৯৪
২০০৮-০৯	২৫,০৭.৮১৯	১০,৯৪৫.২৪	৪,৮২৮	২৩.৬৩
২০০৯-১০	২৬,৩৪,২১২	১২,০২৪.১৮	৭,২৬২	৫২.০৩

উৎসঃ বিপিসি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

জ্বালানি তেল বাবদ ভর্তুকি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) দেশের চাহিদা অনুযায়ী প্রতি বছরই অপরিশোধিত ও পরিশোধিত জ্বালানি তেল আমদানি করে থাকে। অপরিশোধিত ও পরিশোধিত জ্বালানি তেলের আন্তর্জাতিক সংগ্রহ মূল্য উঠানামা করে থাকে। আন্তর্জাতিক বাজারে তেলের মূল্য বৃদ্ধি পেলেও সামঞ্জস্যপূর্ণভাবে দেশের অভ্যন্তরীণ বাজারে তেলের মূল্যসহ শুল্কহার পুনঃনির্ধারিত না হওয়ায় বিপিসি লোকসানের সম্মুখীন হয়ে থাকে। ২০০৯-১০ অর্থ বছরে বিপিসির সাময়িক লোকসানের পরিমাণ ছিল ২৩০৭.৫৭ কোটি টাকা কোটি টাকা। অপরদিকে শুল্ক ও কর হিসেবে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে জমার পরিমাণ ২৯৫০.০০ কোটি টাকা। সারণি ১০.১৮ এ বিপিসির আর্থিক লোকসান ও সরকারি কোষাগারে জমার পরিমাণ দেখানো হলো :

সারণি ১০.১৮ বিপিসির লোকসান ও সরকারি কোষাগারে জমার পরিমাণ

অর্থ বছর	(কোটি টাকা)	
	সরকারি কোষাগারে জমার পরিমাণ	আর্থিক লোকসান
২০০২-০৩	২৭৬৬.১৩	৭.৬১
২০০৩-০৪	৩০৮৭.২৮	৯৫৮.৯৩
২০০৪-০৫	২৪৫৮.৯৫	২৩১৭.৮৮
২০০৫-০৬	২৬২০.২৬	৩৩৩৭.৭৮
২০০৬-০৭	২৬২৭.০০	২৬৪৩.৮৮
২০০৭-০৮	৩০১৮.০০	৬৩৬২.০৮
২০০৮-০৯	২৭৯৪.৫৬	২৬৬.২৩
২০০৯-১০	২৯৫০.০০	২৩০৭.৫৭

উৎসঃ বিপিসি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

খনিজ সম্পদ (তেল ও গ্যাস ব্যতীত) অনুসন্ধান, আবিষ্কার ও মূল্যায়ন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) দেশে খনিজ সম্পদ (তেল ও গ্যাস ব্যতীত) অনুসন্ধান ও আবিষ্কার; মূল্যায়ন ও ভূতত্ত্ব বিষয়ক গবেষণা পরিচালনা; প্রকৌশলগত উন্নয়ন; নগর পরিকল্পনা; প্রাকৃতিক ও মানব-সৃষ্ট দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে বিভিন্ন পুরকৌশল কাজ যেমন- নগরায়ন ও শিল্পায়ন, বাঁধ, সেতু, রাস্তা-ঘাট নির্মাণ, খাল খনন ইত্যাদি উন্নয়নমূলক কাজে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ, সিদ্ধান্ত গ্রহণকারী ও পরিকল্পনাবিদগণকে ভূবৈজ্ঞানিক পরামর্শ দান প্রভৃতি বিষয়ে দায়িত্বপ্রাপ্ত সরকারি প্রতিষ্ঠান। প্রাকৃতিক দুর্যোগের মূল্যায়ন ও জনসাধারণকে অবহিতকরণও জিএসবি-র কাজের অংশ।

জিএসবি অত্যাধুনিক LiDAR (Light Induced Detecting Airborne Raddar) প্রযুক্তি ব্যবহার করে বৃহত্তর ঢাকা শহরের পূর্বাংশের উচ্চ রেজুলেশন ভূমিরূপ এবং Slop gradient (Length of Slop এবং Angle of Slop এর অনুপাত) মডেলিং এর জন্য Digital Elevation Model (DEM) এবং Digital Terrain Model (DTM) ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। এছাড়া ঢাকা শহরের ২৬০ বর্গ কিঃমিঃ এলাকার বিশদ ভূতাত্ত্বিক মানচিত্রায়ণসহ ৪০ বর্গ কিঃমিঃ এলাকার ত্রিমাত্রিক ভূতাত্ত্বিক মডেলিং এর কাজ সম্পন্ন করেছে। জিএসবি বাংলাদেশের Geo-hazards বিশেষ করে ভূমিধ্বস, ভূমিকম্প ও বিভিন্ন ধরনের বাঁধের দৃঢ়তা নির্ণয় নিয়ে গবেষণা শুরু করেছে এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভূমিধ্বসের আগাম সংকেত প্রদানের জন্য জানুয়ারি ২০১১-এ প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করা করেছে।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) কর্তৃক খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের Comprehensive Disaster Management Programme ফেজ-২ (সিডিএমপি-২) প্রকল্পের আওতায় রংপুর, দিনাজপুর, টাংগাইল, ময়মনসিংহ, বগুড়া, রাজশাহী, কক্সবাজার ও টেকনাফ পৌর এলাকার Microseismic Zoning মানচিত্রায়ণের কাজ শুরু হয়েছে। তাছাড়া, ভূমিকম্প বিষয়ে বাংলাদেশ ও সন্নিহিত এলাকার নব্য-ভূগাঠনিক কাঠামো সম্বন্ধে আরো অবহিত হওয়ার মাধ্যমে ভূমিকম্প দুর্যোগ নিরূপণে সহায়তা কাজের অংশ হিসাবে প্রথম পর্যায়ে ঢাকা, গাজীপুরের সালনা, ময়মনসিংহ শহর, ময়মনসিংহের হালুয়াঘাট ও খুলনায় মোট পাঁচটি জিপিএস স্টেশন স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

কারিগরি সহায়ক শক্তি

হাইড্রোকার্বন ইউনিট তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের উন্নয়ন ও এ সম্পর্কিত বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে কারিগরি পরামর্শ প্রদান করে। তাছাড়া, হাইড্রোকার্বন ইউনিট জ্বালানি খাতের বিভিন্ন বিষয়ে অন্তর্জাতিক ও আঞ্চলিক সহযোগী সংস্থায় মতামত প্রদানে সহায়তা করে আসছে। হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক Mini Data Bank-এ গ্যাস মজুদ, অনাবিস্কৃত গ্যাস সম্পদ, গ্যাস উৎপাদন সংক্রান্ত ডাটা সংরক্ষণের পাশাপাশি ডাটাবেজ থেকে Gas Reserve and Production' শীর্ষক মাসিক প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে। হাইড্রোকার্বন ইউনিট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন একটি কারিগরি সহায়তা প্রকল্প। বর্তমানে এর দ্বিতীয় বাস্তবায়িত হচ্ছে যার মেয়াদ ডিসেম্বর ২০১২ এ সমাপ্ত হবে।

উক্ত প্রকল্পের আওতায় আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে দেশে বিদ্যমান প্রাকৃতিক গ্যাসের উপজাতসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সম্ভাব্য পস্থা নির্ধারণে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এর মধ্যে রয়েছে Straddle Plant স্থাপন; Resource Assessment এবং Reserve Estimation হালনাগাদকরণ; উৎপাদন বন্টন ও অন্যান্য চুক্তির তত্ত্বাবধান ও পরিবীক্ষণ; পেট্রোলিয়াম শোধন এবং বিপণন ব্যবস্থাপনা, গ্যাসের উৎপাদন বৃদ্ধি; খনি ও খনিজ উন্নয়ন তথা দেশের কয়লা খনি আবিষ্কার, উন্নয়ন ও আবিষ্কৃত কয়লা সম্পদের সুষ্ঠু ব্যবহার; প্রভৃতি।

বিস্ফোরক নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থাপনা

বিস্ফোরক নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থাপনা বিষয়ে বিস্ফোরক পরিদপ্তর “বিস্ফোরক ও পেট্রোলিয়াম অ্যাক্ট” এর অধীনে বিভিন্ন কার্যক্রম সম্পাদন করেছে। ২০১০-২০১১ অর্থ বছরে এ পর্যন্ত ১৮৭২৬টি এলপিগি সিলিন্ডার আমদানি এবং ১০৩ টি এলপিগি সিলিন্ডার মজুদের লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। জাতীয় গ্যাস কোম্পানী, মধ্যপাড়া কঠিন শিলা প্রকল্প, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী ও আন্তর্জাতিক তৈল কোম্পানী কর্তৃক ৪টি ক্ষেত্রে ৫০ মেট্রিক টন পাওয়ার জেল, ৫৭০ পিস চার্জ ও ৩৩৫০৩ পিস

ডেটোনেটর বিস্ফোরক আমদানির অনুমতি/লাইসেন্স, বিস্ফোরক মজুদের ৫টি এবং বিস্ফোরক পরিবহনের ১০টি লাইসেন্স মঞ্জুর করা হয়েছে।

ডিজেল/ ফার্নেস অয়েল চালিত রেন্টাল পাওয়ার প্ল্যান্ট দ্রুত স্থাপনের সুবিধার্থে পেট্রোলিয়াম মজুদের জন্য ২৭টি অনুমোদন/লাইসেন্স প্রদান করা হয়েছে। এ ছাড়াও সম্পাদিত অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে গ্যাস সঞ্চালন ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উচ্চচাপ গ্যাস পাইপ লাইনের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ৫৫টি ক্ষেত্রে নিশ্চিন্ততা যাচাই পরীক্ষা অনুমোদন; পেট্রোলিয়াম অয়েল ট্যাংকার এবং জাহাজ ক্রয়পিং করার পূর্বে পরীক্ষণপূর্বক ৩৮৭৮টি ট্যাংক-কে পেট্রোলিয়াম গ্যাস মুক্তি সনদ প্রদান, বিস্ফোরক দ্রব্য আইনের অধীনে মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ১৯৫টি ক্ষেত্রে আলামত (বোমা) পরীক্ষণ পূর্বক বিশেষজ্ঞের মতামত প্রদান প্রভৃতি।

জ্বালানি খাতে রেগুলেটরী কার্যক্রম

জ্বালানি খাতের দীর্ঘ মেয়াদি উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদন এবং এনার্জি সঞ্চালন, পরিবহন ও বাজারজাত করণে বেসরকারি বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি এবং এখাতে ব্যবস্থাপনা ও পরিচালনা, ট্যারিফ নির্ধারণে স্বচ্ছতা আনয়ণ, ভোক্তার স্বার্থ সংরক্ষণ ও প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কার্যক্রম পরিচালনা করছে।

জ্বালানি খাতের সুষ্ঠু ব্যবস্থাপনা, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও ভোক্তার মধ্যে তথ্য আদান প্রদান ও অভিযোগ নিষ্পত্তির জন্য কমিশন দেশের বিভিন্ন অঞ্চলে Outreach Program কার্যক্রম পরিচালনা করছে। জুলাই ৩০, ২০০৯ তারিখে ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্য ১১.২২ শতাংশ বৃদ্ধির মাধ্যমে পেট্রোবাংলার অধীনে পরিচালিত একটি গ্যাস উন্নয়ন তহবিল গঠনের লক্ষ্যে “গ্যাস উন্নয়ন তহবিল নীতিমালা, ২০১১” চূড়ান্ত করে জানুয়ারি, ২০১১ জারি করা হয়েছে। “বিদ্যুৎ খাতে বেসরকারি অংশগ্রহণ বৃদ্ধির নীতিমালা, ২০০৮” অনুসারে বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্রসমূহের জন্য ফার্নেস ওয়েল, দ্বৈত জ্বালানি (গ্যাস/ফার্নেস ওয়েল) এবং কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের Benchmark Indicative Price নির্ধারণ করা হয়েছে। Benchmark Tariff নির্ধারণের ফলে বিনিয়োগকারীরা ট্যারিফ সম্পর্কে অগ্রিম ধারণা লাভ করতে সক্ষম হবে। ফলে, বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের পথ সুগম হবে। এছাড়াও জানুয়ারি ১৩, ২০১১ তারিখে “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০” এবং “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস সঞ্চালন ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০” গেজেটে প্রকাশ করা হয়েছে।

প্রশিক্ষণ কার্যক্রম

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের (বিপিআই) মাধ্যমে তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত জনবলকে উচ্চতর প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা এবং উন্নততর তথ্য ব্যবস্থাপনার কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ ইন্সটিটিউট হতে তেল ও গ্যাস প্রাপ্তির সম্ভাবনাময় স্থানসমূহ চিহ্নিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ফটো-জিওলজি, ভূ-পদার্থিক মডেলিং এবং অন্যান্য সমীক্ষার কাজ পরিচালনা করা হচ্ছে। বিপিআই জুন ২০১০ পর্যন্ত ২৮০টি প্রশিক্ষণ কোর্স/সেমিনার/ওয়ার্কশপের মাধ্যমে মোট ৫১৮৯ জন (ক্রমপুঞ্জিত) প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে। ২০০৯-১০ অর্থ বছরে তেল/গ্যাস অনুসন্ধান, খনন, উৎপাদন, পরিশোধন, বিতরণ, বাজারজাতকরণ ইত্যাদি বিষয়ক মোট ১২টি প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়েছে এবং এ কোর্স সমূহে মোট ২২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১০-১১ অর্থ বছরে মার্চ, ২০১১ পর্যন্ত মোট ২৫টি বিভিন্ন কোর্সে ১৭৫ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।